



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd


নং-১০.০০.০০০০.১৩২.২৯.০১৯.১৮-৯৭

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ:-----
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়:-আইন ও বিচার বিভাগ কর্তৃক আয়োজিত “ডিজিটাল সার্ভিস ডিজাইন এন্ড প্ল্যানিং ল্যাব” বিষয়ক কর্মশালার
উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগ কর্তৃক আগামী ২২-২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ, ১৫ কলেজ রোড, ঢাকা-এ ৬ (ছয়) দিনব্যাপী “ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব” শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর, এটুআই প্রোগ্রামের কারিগরি সহযোগিতায় উক্ত প্রশিক্ষণ কর্মশালাতে আইন ও বিচার বিভাগসহ এর অধীনস্থ প্রতিটি দপ্তর/সংস্থার সেবাভিত্তিক ডিজিটাল সার্ভিস ডিজাইন, বাজেট, প্রকিউরমেন্ট, ডকুমেন্টস প্রস্তুত করা হবে। আগামী ২২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় এ বিভাগের সচিব জনাব মোঃ গোলাম সারওয়ার মহোদয় সভাপতি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করবেন।

উক্ত কর্মশালার সূচনা পর্বে আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তাগণ-কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২

ইমেইল: section8.justice@gmail.com

কার্যার্থে:-

- ১। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২/মতামত/সলিসিটর, আইন ও বিচার বিভাগ।
- ২। উপ-সচিব (প্রশাসন-১/২/বাজেট ও উন্নয়ন/মতামত-১/২/৩/৪), আইন ও বিচার বিভাগ।
- ৩। উপ-সলিসিটর, (সকল), সলিসিটর অনুবিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

জ্ঞাতার্থে:-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।